ইত্তেফাক

তারিখ ... ১.৫.৮১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

001

# মাদ্রাসা শিক্ষকদের জন্য মূল বেতনের ৩০ ভাগ মহার্ঘ ভাতা

( ইত্তেফাক রিপোর্ট )

প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ গতকাল (শুক্রবার) মহাখালীতে জমিয়তুল মোদারেসীনের ইসলামী সম্মেলনে বক্তৃতাকালে মাদ্রাসা শিক্ষকদের জন্য মূল বেতনের শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের কথা ঘোষণা করিয়াছেন। ইতিপূর্বে মাদ্রাসা শিক্ষকগণ শতকরা ১৫ ভাগ মহার্ঘ ভাতা পাইতেন।

শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের কথা ঘোষণা করিয়া জেনারেল এরশাদ জমিয়তের

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের জন্য মহার্ঘ ভাতা

( ১ম পৃঃ পর )

সদস্যদের উদ্দেশে বলেন, আপনারা যাহাতে নিশ্চিন্তে আল্লাহর এবাদত করিতে পারেন, আমাদের ভবিষ্যৎ বংশধরদের আল্লাহর রাস্তায় দীক্ষিত করিতে পারেন, সেই জন্য এই মহার্ঘ ভাতা দেওয়া হইল।